# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**14-05-2026** **Time: 7.35 AM**

---

**বিশেষ বিশেষ খবরঃ–**

১) রাজ্য বিধানসভায় নবনির্বাচিত বিধায়কদের শপথগ্রহণ পর্ব আজও চলবে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সহ ১৪৪ জন বিধায়ক গতকাল শপথ নেন।

২) কৃষক ও ব্যবসায়ীদের সুবিধার্থে পশ্চিমবঙ্গ সরকার, অন্য রাজ্যে পন্য রপ্তানির ক্ষেত্রে নিষেধাজ্ঞা তুলে নিচ্ছে।

অপর এক নির্দেশিকায় সরকারী অনুমতি ছাড়া এখন থেকে গরু, বলদ ইত্যাদি পশু নিধন করা যাবে না বলে জানানো হয়েছে।

৩) লক্ষীর ভান্ডার প্রকল্পের উপভোক্তারা, সরাসরি অন্নপূর্ণা ভাণ্ডার প্রকল্পের সুবিধা পাবেন । নতুন আবেদনকারীদের জন্য খোলা হচ্ছে পৃথক পোর্টাল।

৪) দীর্ঘ জটিলতা কাটিয়ে চিংড়িঘাটায় মেট্রো প্রকল্পের বকেয়া কাজ আগামীকাল শুরু হচ্ছে।

৫) চলতি বছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফল আজ প্রকাশিত হবে।

স্কুলগুলির গরমের ছুটির মেয়াদ বাড়িয়ে ৩১ মে করা হয়েছে।

৬) রাজ্যের সব সরকারী এবং সরকারী সাহায্যপ্রাপ্ত কলেজগুলির পরিচালন সমিতি ভেঙে দিয়েছে রাজ্য সরকার।

৭) শনিবার পর্যন্ত উত্তরবঙ্গে ঝড় বৃষ্টির পূর্বাভাষ।

oooooooooooooooooooooo

রাজ্য বিধানসভায় নবনির্বাচিত বিধায়কদের শপথগ্রহণ পর্ব আজও চলবে। গতকাল মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সহ ১৪৪ জন বিধায়ক শপথ নেন। ভবানীপুরের বিধায়ক হিসাবে শপথ নেনে মুখ্যমন্ত্রী।

আজ প্রথমার্ধে কলকাতা, হাওড়া, হুগলি, পূর্ব মেদিনীপুর এবং ঝাড়গ্রাম এবং দ্বিতীয়ার্ধে পশ্চিম মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া, দুই বর্ধমান, ও বীরভূমের জয়ী বিধায়করা শপথ নেবেন।

বিধানসভার অধ্যক্ষ নির্বাচন হওয়ার কথা আগামীকাল। অধ্যক্ষ প্রতীম তাপস রায়কেই অধ্যক্ষ পদে শাসক দলের তরফে প্রার্থী করা হতে পারে বলে বিধানসভা সূত্রে জানা গেছে।

oooooooooooooooooooooo

কৃষক ও ব্যবসায়ীদের সুবিধার্থে পশ্চিমবঙ্গ সরকার, অন্য রাজ্যে পন্য রপ্তানির ক্ষেত্রে নিষেধাজ্ঞা তুলে নিচ্ছে। কৃষি বিপনন দপ্তরের তরফে গতকাল এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, আলু, পিঁয়াজ, শাকসব্জী, ফলমূল, খাদ্যশস্য, তৈলবীজ সহ সব ধরনের কৃষি পণ্য এবং অত্যাবশ্যক সামগ্রীর আন্তঃরাজ্য পরিবহনে আর কোনো বাধা থাকবেনা। জেলা প্রশাসন, পুলিশ, পরিবহন দপ্তর সহ সংশ্লিষ্ট সব সংস্থাকে এই নির্দেশ যথাযথভাবে কার্যকর করতে বলা হয়েছে।

এর আগে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী নবান্নে সাংবাদিক বৈঠকে এই সিদ্ধান্তের কথা ঘোষণা করে বলেন, ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক এবং ব্যবসায়ীরা এর ফলে উপকৃত হবেন। চাষীরা পন্যের সঠিক মূল্য পাবেন। আলু, সবজি, ফলমূল ও অন্যান্য শস্য ভিন রাজ্যে রপ্তানির ক্ষেত্রে কৃষক ও ব্যবসায়ীরা এতদিন হয়রানির শিকার হতেন বলে মুখ্যমন্ত্রী অভিযোগ করেন। আন্তঃরাজ্য সীমান্তে অকারণে পন্যবাহী গাড়ি আটকে হেনস্থার অভিযোগ উঠলে কড়া ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

(বাইট – শুভেন্দু)

oooooooooooooooooooooo

সাত দিনের মধ্যেই রাজ্যে, কেন্দ্রীয় প্রকল্পগুলির কাজ শুরু করতে নির্দেশ দিয়েছে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। নবান্নে গতকাল ৪১-টি দফতরের সচিবদের নিয়ে বৈঠক করেন তিনি। বৈঠকে রাজ্যের নিজস্ব আয় বাড়াতে উপযুক্ত পদক্ষেপ গ্রহণ এবং স্বচ্ছতার সঙ্গে কাজ করার নির্দেশ দেন

মুখ্যমন্ত্রী। শিক্ষা, স্বাস্থ্য সহ সব গুরুত্বপূর্ণ দপ্তরের কাজ তিনি নিজেই খতিয়ে দেখবেন বলে জানান।

স্নাতক স্তরে অনলাইনে ভর্তির প্রক্রীয়া আগামী সোমবার থেকে শুরু করার নির্দেশ দিয়েছেন তিনি। এই কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য স্বপন দাশগুপ্তকে দায়িত্ব দেওয়া হয়েছে বলেও নবান্ন সূত্রে খবর। সদ্য নির্বাচিত চিকিৎসক বিধায়কদের স্বাস্থ্য দপ্তরের কর্মকাণ্ডের সঙ্গে যুক্ত করতে বলা হয়েছে। সীমান্তে সুরক্ষা ব্যবস্থার জন্য বিএসএফ-কে প্রয়োজনীয় জমি হস্তান্তরের বিষয়টি নন্দিনী চক্রবর্তীকে দেখার দায়িত্ব দেওয়া হয়েছে।

টলি পাড়ায় কাজের পরিবেশ ফেরাতে রুদ্রনীল ঘোষ, রূপা গাঙ্গুলী, পাপিয়া অধিকারী এবং হীরণ চট্টোপাধ্যায়কে উদ্যোগ নিতে বলেছেন মুখ্যমন্ত্রী।

oooooooooooooooooooooo

সরকারী অনুমতি ছাড়া এখন থেকে গরু, বলদ, ষাঁড়, মোষ বা বাছুর  নিধন করা যাবে না বলে নির্দেশিকা জারি করেছে রাজ্য সরকার। পশ্চিমবঙ্গ পশু হত্যা নিয়ন্ত্রণ আইন, ১৯৫০' কার্যকর করতে স্বরাষ্ট্র ও পার্বত্য বিষয়ক দফতরের  তরফে এব্যাপারে বিজ্ঞপ্তি জারি হয়েছে।

সেখানে বলা হয়েছে, শুধুমাত্র পুরসভার চেয়ারম্যান বা পঞ্চায়েত সমিতির সভাপতি এবং সরকারি পশু চিকিৎসক যৌথভাবে লিখিত সম্মতি দিলে সংশ্লিষ্ট পশু নিধনের উপযুক্ত বলে শংসাপত্র দেওয়া যেতে পারে। তবে পশুটির বয়স ১৪ বছরের বেশি হতে হবে এবং বার্ধক্য, আঘাত, বিকৃতি কিংবা দুরারোগ্য ব্যাধির কারণে সে স্থায়ীভাবে কাজ করতে অক্ষম হলে নিধনের অনুমতি মিলবে।

শংসাপত্র থাকলেও প্রকাশ্য স্থানে বা রাস্তার ধারে পশুবলি দেওয়া যাবে না। পুরসভার কসাইখানা বা প্রশাসন অনুমোদিত নির্দিষ্ট কসাইখানাতেই তা করা যাবে।

সরকারি নির্দেশে স্পষ্ট করা হয়েছে, আইন কার্যকর করার স্বার্থে প্রশাসনের অনুমোদিত প্রতিনিধি বা সরকারি পশু চিকিৎসক বলিপ্রাঙ্গণ পরিদর্শনে গেলে তাতে বাধা দেওয়া যাবে না।

আইন লঙ্ঘন করলে ছয় মাস পর্যন্ত কারাদণ্ড, এক হাজার টাকা পর্যন্ত জরিমানা বা উভয় দণ্ড হতে পারে।

oooooooooooooooooooooo

পূর্বতন সরকারের লক্ষীর ভান্ডার প্রকল্পের উপভোক্তারা, সরাসরি অন্নপূর্ণা ভাণ্ডার প্রকল্পের সুবিধা পাবেন বলে নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ দপ্তরের মন্ত্রী অগ্নিমিত্রা পাল জানিয়েছেন।

বিধানসভায় গতকাল তিনি সাংবাদিকদের বলেন, যারা এখন লক্ষীর ভান্ডারের অন্তর্ভুক্ত নন তাঁদের জন্য একটি পৃথক পোর্টাল খোলা হচ্ছে। সেখানেই তাঁরা সহজে নাম নথিভুক্ত করতে পারবেন। ১ জুন থেকেই প্রাপকদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে সরাসরি টাকা ঢুকবে।

মৃত বা অন্য দেশের নাগরিক যাতে কোনোভাবেই এই প্রকল্পের সুবিধা না পান, তা নিশ্চিত করা হবে।

(বাইট – অগ্নিমিত্রা পাল)

উল্লেখ্য, এই প্রকল্পে মাসে ৩ হাজার টাকা দেওয়া হবে বলে নির্বাচনী ইস্তেহারে প্রতিশ্রুতি দিয়েছিল বিজেপি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

দীর্ঘ জটিলতা কাটিয়ে চিংড়িঘাটায় মেট্রো প্রকল্পের বকেয়া কাজ আগামীকাল শুরু হচ্ছে। নিউ গড়িয়া থেকে কলকাতা বিমানবন্দর মেট্রো লাইনে বাকি থাকা ৩৬৬ মিটার অংশের নির্মান কাজের জন্য বাইপাসের কিছু অংশে দু দফায় নিয়ন্ত্রণ করা হবে যান চলাচল।

প্রথম দফায় আগামীকাল রাত ৮ টা থেকে ১৮ই মে সকাল ৮ টা পর্যন্ত পশ্চিম দিকের একটি লেন এবং দ্বিতীয় দফায় ২২মে রাত ৮ টা থেকে ২৫শে মে সকাল ৮ টা পর্যন্ত
পূর্ব দিকের লেনে সব ধরনের যান চলাচল বন্ধ রাখা হবে।

উল্লেখ্য, গার্ডার বসানোর কাজের জন্য চিংড়িঘাটা মোড়ে আংশিক যান নিয়ন্ত্রণে মেট্রো কর্তৃপক্ষ অনুমতি চাইলেও পূর্বতন সরকার তা না দেওয়ায় দীর্ঘদিন এই কাজ থমকে ছিল। এই নিয়ে কলকাতা হাইকোর্টে জনস্বার্থ মামলাও দায়ের হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজকের প্রসঙ্গের এবারের বিষয় “ National Action Plan for Toys” । দেশে খেলনা শিল্পের প্রসার নিয়ে ভারত টয়স অ্যাসোসিয়েশনের সহ-সভাপতি ব্রিজেশ রানিলা-ওয়ালার সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

চলতি বছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফল আজ প্রকাশিত হবে। সকাল ১১ টায় আনুষ্ঠানিকভাবে ফল প্রকাশ করবেন উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি পার্থ কর্মকার। আজই পরীক্ষার্থীদের মার্কশিট ও সার্টিফিকেট দেবে স্কুল। result.wb.gov.in, www.indiaresults.com, ইত্যাদি ওয়েবসাইটে পরীক্ষার ফলাফল জানা যাবে।

এবারই প্রথম সেমিস্টার পদ্ধতিতে উচ্চমাধ্যমিক পরীক্ষা হয়েছে। চতুর্থ সেমিস্টারে মোট নথিভুক্ত পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৭ লক্ষ ১০ হাজার ৯২০ জন। তার মধ্যে ছাত্রীর সংখ্যাই বেশি। পরীক্ষায় অনুপস্থিত ছিলেন ১৫ হাজার ৭৩৯ জন। গত সেপ্টেম্বর মাসে তৃতীয় সেমিস্টারের পরীক্ষার পর অক্টোবরে ফল প্রকাশ হয়। এবার তৃতীয় ও চতুর্থ সেমিস্টারের প্রাপ্ত নম্বরের যোগ ফলের ভিত্তিতেই পূর্ণাঙ্গ মেধাতালিকা তৈরি এবং পাশ ও ফেল নির্ধারিত হবে।

সামগ্রিকভাবে প্রশ্নপত্র নিয়ে তেমন কোনও অভিযোগ ওঠেনি। তবে অঙ্ক পরীক্ষায় কিছু প্রশ্ন সিলেবাস বহির্ভূত হওয়ায় উত্তর দিলেই নম্বর দেওয়া হবে বলে সংসদ জানিয়েছিল।

oooooooooooooooooo

রাজ্যে সরকার ও সরকার পোষিত স্কুলগুলিতে গরমের ছুটির মেয়াদ বাড়িয়ে ৩১ মে করা হয়েছে। পয়লা জুন স্কুল খুলবে। স্কুল শিক্ষা কমিশনার, প্রাথমিক শিক্ষা পর্ষদ ও মধ্যশিক্ষা পর্ষদের সভাপতিকে এই মর্মে নির্দেশিকা পাঠিয়েছেন। তবে পার্বত্য এলাকার স্কুলগুলির ক্ষেত্রে এই নির্দেশ কার্যকর হবে না।

উল্লেখ্য, ১১ই মে থেকে গরমের ছুটি শুরু হয়েছিল। স্কুল খোলার কথা ছিল ১৮ই মে। যদিও বিভিন্ন শিক্ষক সংগঠন সরকারের এই সিদ্ধান্তের সমালোচনা করেছে।

oooooooooooooooooo

রাজ্যের সব সরকারী এবং সরকারী সাহায্যপ্রাপ্ত কলেজগুলি পরিচালন সমিতি ভেঙে দিয়েছে রাজ্য সরকার। উচ্চশিক্ষা দফতরের তরফে গতকাল এই মর্মে নির্দেশিকা জারি হয়েছে। নতুন সরকার, অবসরপ্রাপ্তদের পুনর্নিয়োগ ও চাকরির মেয়াদ বৃদ্ধির সিদ্ধান্ত বাতিল করেছে। সেই অনুযায়ী কলেজগুলির পরিচালন সমিতি ভেঙে দেওয়ার এই সিদ্ধান্ত। এরফলে পরিচালন সমিতির সভাপতি ও অন্যান্য মনোনীত সদস্যদের মেয়াদ বাতিল হয়ে গেল।

উল্লেখ্য, গত এক দশকে রাজ্যের বিভিন্ন কলেজে পরিচালন সমিতিতে শাসক দলের নেতাদের প্রভাব খাটানোর অভিযোগ উঠছিল। স্বচ্ছতা ফেরাতেই এই উদ্যোগ বলে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার, শিক্ষক ও পুর নিয়োগ দুর্নীতি এবং সমবায় ক্ষেত্রে অনিয়ম সংক্রান্ত চারটি মামলায় অভিযুক্ত আধিকারিকদের বিরুদ্ধে তদন্তের জন্য সিবিআই-কে অনুমতি দিয়েছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী গতকাল বিধায়ক হিসাবে শপথ গ্রহণের পর নবান্নে সাংবাদিক বৈঠকে জানান, দুর্নীতিগ্রস্ত আমলা ও আধিকারিকদের বাঁচাতে বিচারপ্রক্রিয়া শুরুর কাজ অনুমোদন করেনি পূর্বতন সরকার। তাঁর সরকার প্রাতিষ্ঠানিক দূর্নীতির ক্ষেত্রে জিরো টলারেন্স নীতি নিয়েছে। তাই দুর্নীতিগ্রস্ত আধিকারিকদের বিরুদ্ধে পদক্ষেপের জন্য এই ছাড়পত্র দেওয়া হল।

উল্লেখ্য, রাজ্য সরকারের উচ্চপদস্থ আধিকারিকদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ থাকলে, সিবিআই বা অন্য কোনও তদন্তকারী সংস্থাকে চার্জশিট দিতে হলে সরকারের অনুমতি নিতে হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০

মাওবাদী নেতা অর্ণব দামের জামিনের আবেদন খারিজ করেছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি অরিজিৎ বন্দ্যোপাধ্যায় ও বিচারপতি অপূর্ব সিনহা রায়ের ডিভিশন বেঞ্চ তাদের নির্দেশে জানিয়েছেন, অর্ণব দামের বিরুদ্ধে ২৪ জন পুলিশ কর্মীকে হত্যা ও রাষ্ট্রের বিরুদ্ধে ষড়যন্ত্রের অভিযোগ রয়েছে, যা অত্যন্ত গুরুতর। পাশাপাশি তিন জন আক্রান্ত সাক্ষী তাকে পরবর্তীতে চিহ্নিত করেছে। ফলে তার জামিন মঞ্জুর করা সম্ভব নয়।

তবে আদালত জানিয়েছে, আবেদনকারী যেহেতু একজন পিএইচডি গবেষক, তাই কারা কর্তৃপক্ষকে সংশোধনাগারের ভেতর থেকেই তাকে গবেষণা চালিয়ে যাওয়ার জন্য প্রয়োজনীয় সুযোগ-সুবিধা প্রদান করতে হবে।

উল্লেখ্য, ২০১০ সালের ১৫ ফেব্রুয়ারি পশ্চিমবঙ্গের শিলদা ইস্টার্ন ফ্রন্টিয়ার রাইফেলস (EFR) ক্যাম্পে মাওবাদী হামলায় ২৪ জন ইএফআর সদস্য নিহত হন । হামলাকারীরা ক্যাম্প থেকে বিপুল পরিমাণ অস্ত্র ও গোলাবারুদ লুঠ করে নিয়ে যায়। এই মামলায় অর্ণব দাম এবং আরও ২২ জনকে যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হয়। সেই রায়কে চ্যালেঞ্জ জানিয়ে অর্নব দণ্ডাদেশ স্থগিত এবং জামিনের আবেদন জানিয়েছিল কলকাতা হাইকোর্টে ।

০০০০০০০০০০০০০০০০০০০০০

অনুকূল বায়ু প্রবাহ ও বাতাসে জলীয়বাষ্পের পরিমাণ বৃদ্ধির কারণে আগামী শনিবার পর্যন্ত উত্তরবঙ্গে ঝড় বৃষ্টির পূর্বাভাষ। তবে দক্ষিণবঙ্গে বৃষ্টির পরিমাণ কমবে। কোচবিহার জলপাইগুড়ি এবং আলিপুরদুয়ার জেলায় আজ ভারী বৃষ্টির সতর্কতা রয়েছে।  কোথাও কোথাও ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া হয়ে যেতে পারে।

এদিকে দক্ষিণবঙ্গের বীরভূম ও মুর্শিদাবাদ জেলায় আজ দমকা হাওয়া ও বজ্রবিদ্যুৎসহ বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

অন্যদিকে, দক্ষিণবঙ্গে তাপমাত্রা আগামী কয়েক দিনের ধীরে ধীরে ২ থেকে ৩ ডিগ্রি পর্যন্ত বৃদ্ধি পেতে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

আজ সকালে আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৬ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে সামান্য কম।

oooooooooooooooooooooo

আইপিএল ক্রিকেট ম্যাচে কলকাতা নাইট রাইডার্স , রয়াল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরুর কাছে ৬ উইকেটে পরাজিত হয়েছে। ছত্তিশগড়ে নব রায়পুরের শহীদ বীর নারায়ন সিং আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে গতকাল আরসিবি টসে জিতে কে কে আর-কে প্রথমে ব্যাট করতে পাঠায়। কেকেআর ২০ ওভারে ৪ উইকেটে ১৯২ রান তোলে।

রান তাড়া করতে নেমে ব্যাঙ্গালুরু চার উইকেট হারিয়ে পাঁচ বল বাকি থাকতে লক্ষ্যে পৌঁছে যায়।

নাইট রাইডার্স শনিবার ইডেনে পরবর্তী ম্যাচে গুজরাট টাইটানস এর মুখোমুখি হবে।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo